

আন্তর্জাতিক

গাজায় শান্তি চায় না ইসরায়েল: তুরস্ক

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ছবি: সংগৃহীত

নিরস্ত্রীকরণ চুক্তিতে হামাস সম্মত হলেও গাজায় ইসরায়েলি বাহিনীর প্রাণঘাতী হামলা অব্যাহত রয়েছে। এতে প্রমাণ হয় যে ফিলিস্তিনিদের সঙ্গে শান্তির কোনো ইচ্ছা প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর সরকারের নেই। সোমবার (৩ আগস্ট) এক বিবৃতিতে এই মন্তব্য করেছে তুরস্কের পররাষ্ট্র মন্ত্রণালয়।

বিবৃতিতে বলা হয়, নেতানিয়াহুর একমাত্র লক্ষ্য ফিলিস্তিনিদের নিজ মাতৃভূমি থেকে তাড়ানো। তিনি মধ্যপ্রাচ্যে শান্তি ও স্থিতিশীলতার সব উদ্যোগ নস্যাৎ করতে চান।

তুরস্ক আরও জানায়, নেতানিয়াহুর পদক্ষেপগুলো অঞ্চলের ভঙ্গুর ভারসাম্য নষ্ট করছে। একই সঙ্গে যুক্তরাষ্ট্রের মতো দেশগুলোর কূটনৈতিক মধ্যস্থতার চেষ্টাও তিনি পণ্ডা করছেন।

পরিস্থিতির ভয়াবহতা নিয়ে বিবৃতিতে বলা হয়, নেতানিয়াহুর সামরিক মনোভাবের কারণে পুরো মধ্যপ্রাচ্য তীব্র সংঘাতময় অঞ্চলে পরিণত হচ্ছে। তার এই নীতির বিরুদ্ধে বৈশ্বিক সম্প্রদায়কে এখন আরও কঠোর ও ঐক্যবদ্ধ অবস্থান নিতে হবে।

ওমানের সঙ্গে হরমুজ প্রণালি নিয়ে আলোচনা চূড়ান্ত পর্যায়ে: ইরান
গাজায় শান্তি ফেরাতে সম্প্রতি একটি পরিকল্পনার কথা জানায় যুক্তরাষ্ট্র। কিন্তু যুক্তরাষ্ট্রের ওই প্রস্তাব তোয়াক্কা না করেই রোববার ফের হামলা চালায় ইসরায়েল। এতে অন্তত ১৯ জন ফিলিস্তিনি প্রাণ হারিয়েছেন।

সূত্র: আলজাজিরা

এ বিভাগের আরও খবর



পরমাণু অস্ত্র তৈরির পরিকল্পনা থেকে ইরান সরে এসেছে, দাবি ট্রাম্পের
তেহরানের সঙ্গে চলমান যুদ্ধে ইরানকে পরমাণু অস্ত্র তৈরি থেকে বিরত রাখা যুক্তরাষ্ট্রের অন্যতম প্রধান লক্ষ্য। তবে এবার ট্রাম্প দাবি করেছেন, ইরান...



সীমান্তে অনুপ্রবেশের ঘটনায় পাকিস্তানি কূটনীতিককে তলব ভারতের
সীমান্ত দিয়ে অনুপ্রবেশ এবং সীমান্ত এলাকায় পাকিস্তানি মাদক চক্রের তৎপরতার অভিযোগে পাকিস্তানের কাছে কড়া প্রতিবাদ জানিয়েছে ভারত। ভারতীয় সংবাদ সংস্থা...



রিয়াদে আরামকো স্থাপনায় ক্ষেপণাস্ত্র-দ্রোণ হামলার দাবি হুতিদের
সৌদি আরবের রাজধানী রিয়াদে রাষ্ট্রীয় তেল কোম্পানি আরামকোর একটি স্থাপনায় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ও দ্রোণ দিয়ে হামলার দাবি করেছে ইয়েমেনের সশস্ত্র...



হুতিদের বিরুদ্ধে বড় হামলার প্রস্তুতি সৌদি আরবের
ইরান-সমর্থিত ইয়েমেনের হুতি বিদ্রোহীদের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে সৌদি আরব। এ হামলার পরিকল্পনা নিয়ে কাজ করছে র...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/gajay-shanti-chay-na-israyel-tursk>